

## ড. ক্যাপ্টেন রেজাউল করিম চৌধুরী নির্বাচনী ইশতেহার (সংক্ষিপ্ত)

### নির্বাচনী ইশতেহার সমূহ

ঢাকা দক্ষিণকে ওয়াই-ফাই নগরী করাসহ গুরুত্বপূর্ণ জায়গায় সিসিটিভি ক্যামেরা স্থাপন, পর্যাপ্ত অগ্নিনির্বাপন ব্যবস্থা ও ডিজিটাল নগর পরিকল্পনা, দুর্যোগ ব্যবস্থাপনা উন্নয়নে পদক্ষেপ নেওয়া।

স্কুল ডিস্ট্রিক ও কর্মমুখী এবং সমন্বিত শিক্ষা সম্প্রসারণ ও প্রতিটি ওয়ার্ডে ডে-কেয়ার ও মাতৃসেবা কেন্দ্র স্থাপন, নগরবাসীর জন্য চিকিৎসা বীমা প্রচলন করা।

মেট্রো সরকার প্রচলন, প্রতিটি ওয়ার্ডে নির্বাচিত ওয়ার্ড কাউন্সিল, পর্যাপ্ত বিকেন্দ্রীকরণ, জনগনের অংশগ্রহণ ও জনসেবার মান ও পরিধি বাড়ানো। মন্ত্রণালয়গুলোর এই নগরের কাজ নগর প্রশাসনের উপর ন্যস্ত করা।

যানজট নিরসনে প্রশস্ত ফুটপাথ, “উড়াল ফুটপাথ” ও উড়াল রেলপথ নির্মাণ, কো অর্ডিনেটেড মাল্টি-মোডাল ট্রান্সপোর্ট প্ল্যান বাস্তবায়ন করা। বাজার মনিটরিং এবং খাদ্যমান পরিদর্শন ব্যবস্থা।

বাড়ি ভাড়া আইন সংস্কার ও বাড়ি ভাড়ার সীমা নির্ধারণ, নিম্ন আয়ের লোক, শহরে নবাগত ছাত্র-মহিলাসহ সকলের জন্য পরিকল্পিত আবাসন ব্যবস্থা করা।

জলাবদ্ধতা দূরসহ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন ও পানযোগ্য ও ব্যবহারযোগ্য পানির পর্যাপ্ত সরবরাহ করা। নাগরিক কর সহনশীলতার মধ্যে সীমিত রাখা। জেষ্ঠ্য নাগরিকদের জন্য ক্লাব স্থাপন ও বিশেষ সুবিধা প্রদান করা, প্রতি ওয়ার্ডে গণপাঠাগার, ফ্রি ওয়াই-ফাই জোন, ব্যায়ামগার ও সুইমিংপুল স্থাপন করা।

যুব সমাজকে নেশা-মাদক-চাঁদাবাজির বাহিরে এনে জ্ঞান ভিত্তিক-দেশপ্রেমিক-নেতৃত্ব সুলভ ও মানবিক-গণতান্ত্রিক মূল্যবোধ ও দেশীয় সাংস্কৃতিক চর্চা বাড়ানো, সামাজিক ব্যবসার সম্প্রসারণের মাধ্যমে স্বকর্মসংস্থান করে স্বনির্ভর করা।

বুড়িগঙ্গা পুনরুদ্ধার করে ঢাকার পরিচিত প্রাণকে দূষণমুক্ত পর্যটন বান্ধব অর্থনৈতিক জোন হিসাবে গড়ে তোলা। পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নে পদক্ষেপ গ্রহণ।

উন্নয়নের নামে “জন দুর্ভোগ” কমানো সকল সংস্থা ও ঠিকাদারের বাধ্যতামূলক করা। রাজনৈতিক কারণে ঢাকার উন্নয়ন ব্যাহত না করা। সুশাসন, মানবাধিকার কার্যকর গণমাধ্যম ও দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমে সহায়তা প্রদান।

সুপরিষ্কৃত এবং সাশ্রয়ী উপায়ে-নবায়নযোগ্য-বিকল্প জ্বালানীর সংমিশ্রণ ঘটিয়ে নগরবাসীর গ্যাস-বিদ্যুৎসহ জ্বালানী দুর্ভোগ লাঘব করা।

ঢাকা দক্ষিণকে দক্ষিণ এশিয়ার সিংঙ্গাপুর সদৃশ্য একটি সফল বাসযোগ্য নগর হিসেবে গড়ে তোলা।

অবিভক্ত রাজধানী ও বৃহত্তর ঢাকা সিটিতে একক মেয়র একাধিক ডেপুটি মেয়র নিয়ে মেট্রো সরকার চালু করা।